# জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা

জবি/প্রশা-১৩/২০০৮/৩৯০৮ 

তারিখ ঃ ০৪ অক্টোবর, ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট/বিভাগ/বিষয়-এ নিম্নবর্ণিত শূন্যপদ পূরণের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে **online**-এ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.job.jnu.ac.bd**) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রম. | পদের নাম ও বেতন স্কেল (জাঃবেঃস্কেল ২০১৫), বিভাগ/বিষয় ও পদসংখ্যা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ঃ |
|---|---|---|
| ১ | পদ ঃ **সহযোগী অধ্যাপক**<br>**বেতন স্কেল ঃ**<br>টাকা ৫০০০০ -৭১২০০/-<br>**বিভাগ/বিষয় ও পদসংখ্যা ঃ**<br>অর্থনীতি-১, উদ্ভিদবিজ্ঞান-১<br>ভূগোল ও পরিবেশ-১ | ক) প্রার্থীদের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর-এর যে কোন এক পর্যায়ে ন্যূনতম ১ম শ্রেণী/সিজিপিএ ৩.৬০ এবং এসএসসি/এইচএসসি-এর যে কোন এক পর্যায়ে ন্যূনতম ১ম বিভাগ/জিপিএ ৪.০০ থাকতে হবে।<br>খ) পি-এইচ.ডি/সমমান ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০৭(সাত) বছরের তন্মধ্যে সহকারী অধ্যাপক/সমমান পদে ন্যূনতম ০৩ (তিন) বছরের, এম,ফিল/সমমান বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০১(এক) বছরের বিদেশী ২য় মাস্টার্স ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ১০(দশ) বছরের তন্মধ্যে সহকারী অধ্যাপক/সমমান পদে ন্যূনতম ০৪ (চার) বছরের, যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রী নাই তাঁদের ন্যূনতম ১২ (বার) বছরের তন্মধ্যে সহকারী অধ্যাপক/সমমান পদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) শিক্ষাজীবনে কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী বা সমতুল্য জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।<br>ঘ) স্বীকৃত জার্নালে ন্যূনতম ০৪ (চার) টি প্রকাশনা (এর মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ০২টি) থাকতে হবে। একক নামে প্রকাশিত প্রকাশনাকে অধিকতর গুরুত্ব দেয়া হবে। অনধিক ০১ (এক)টি প্রকাশনার acceptance letter গ্রহণযোগ্য।<br>ঙ) অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।<br>চ) বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় এবং উচ্চতর গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। |
| ২ | পদ ঃ **সহকারী অধ্যাপক**<br>**বেতন স্কেল ঃ**<br>টাকা ৩৫৫০০-৬৭০১০/-<br>**বিভাগ/বিষয় ও পদসংখ্যা ঃ**<br>আধুনিক ভাষা ইনস্টিটিউট-০১,<br>ভূমি ব্যবস্থাপনা ও আইন-১,<br>ফিল্ম এন্ড টেলিভিশন-১ | **ক) শিক্ষাগত যোগ্যতা ঃ**<br>প্রার্থীদের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) কমপক্ষে মোট জিপিএ ৯.০০ থাকতে হবে এবং বিজ্ঞাপিত বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীর ক্ষেত্রে প্রত্যেক পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.৫০ এবং যে কোন একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.৭৫ থাকতে হবে। উপরে উল্লেখিত যোগ্যতা থাকলেই কেবল উচ্চতর ডিগ্রী, শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।<br>খ) পি-এইচ.ডি/সমমান ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০১(এক) বছরের, এম.ফিল/সমমান বা সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০১(এক) বছরের বিদেশী ২য় মাস্টার্স ডিগ্রীধারী প্রার্থীদের ন্যূনতম ০২(দুই) বছরের, যে সকল প্রার্থীর উচ্চতর ডিগ্রী নাই তাঁদের ন্যূনতম ০৩ (তিন) বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতার অথবা স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) স্বীকৃত জার্নালে ন্যূনতম ০১টি প্রকাশনা থাকতে হবে। একক নামে প্রকাশিত প্রকাশনাকে অধিকতর গুরুত্ব দেয়া হবে। প্রকাশনার acceptance letter গ্রহণযোগ্য নয়।<br>ঘ) অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।<br>ঙ) বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় এবং উচ্চতর গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। |
| ৩ | পদ ঃ **প্রভাষক**<br>**বেতন স্কেল ঃ**<br>টাকা ২২০০০-৫৩০৬০/-<br>**বিভাগ/বিষয় ও পদসংখ্যা ঃ**<br>শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (সহকারী অধ্যাপকের শূন্য পদের বিপরীতে)-২ (ইংরেজি-১, শিক্ষা প্রশাসন/ সামাজিক বিজ্ঞান শিক্ষা-১)<br>ভূমি ব্যবস্থাপনা ও আইন-২ (শূন্য পদে-১ ও অধ্যপকের শূন্য পদের বিপরীতে-১), ভূগোল ও পরিবেশ-১ | প্রার্থীদের এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) কমপক্ষে মোট জিপিএ ৯.০০ থাকতে হবে এবং বিজ্ঞাপিত বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীর ক্ষেত্রে প্রত্যেক পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ৩.৫০ এবং যে কোন একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.৭৫ থাকতে হবে। উপরে উল্লেখিত যোগ্যতা থাকলেই কেবল উচ্চতর ডিগ্রী, শিক্ষকতা ও গবেষণার অভিজ্ঞতা এবং প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |

সাধারণ শর্তাবলী ঃ

১. শিক্ষাগত যোগ্যতার মূল সনদ ও নম্বরপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)-এর সত্যায়িত প্রতিলিপি, সকল গবেষণা প্রবন্ধ/প্রকাশনা'র কপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি যুক্ত করে **Online**-এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ {সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ (এগার) সেট এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ০৮ (আট) সেট} পূর্ণাঙ্গ আবেদনপত্র সহযোগী অধ্যাপক পদের জন্য আগামী **১৬/১১/২০২২** তারিখের মধ্যে এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য আগামী **২৬/১০/২০২২** তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে।

২. সর্বমোট সক্রিয় চাকরিকাল/অভিজ্ঞতা নিরূপন করার সময় অন্য শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের চাকরিকাল নিম্নরূপভাবে গণনা করা হবে ঃ

ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে চাকরিকালের ৭৫% তবে স্ব-পদের/ফিডার পদের পূর্ণ চাকরিকালসহ সর্বোচ্চ ১২ বছর;

খ) সরকারি কলেজে শিক্ষকতার ৬০% তবে সর্বোচ্চ ১০ বছর;

গ) অন্যান্য সকল স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান যেখানে স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর পর্যায়ে পাঠদান করা হয় সেখানে শিক্ষকতার/স্বীকৃত উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতার ৫০% তবে সর্বোচ্চ ১০ বছর।

উল্লেখ্য, গত ০৩/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৭০-তম সভার পূর্বে যে সকল শিক্ষক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চাকরিতে যোগদান করে কর্মরত আছেন তাদের ক্ষেত্রে ২ নং শর্ত প্রযোজ্য হবে না।

৩. সহযোগী অধ্যাপক পদের জন্য ৯০০.০০ (নয়শত) টাকা এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬০০.০০ (ছয়শত) টাকা **SureCash/Nagad/Rocket**-এর মাধ্যমে **Payment** করতে হবে।

৪. চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৫. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যাতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

৭. নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি-বিধান প্রতিপালিত হবে।

৮. লিখিত পরীক্ষায়/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৩/১০/২২

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার